

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

বিষয়টি অতীব জরুরী

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯৬.০৪.১১৪.১৫.৮০

তারিখঃ ১৬/০৫/২০১৬খ্রিঃ

বিষয় : মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ১০১৪০/২০১৪ এর আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র ১ : শিমঃ ৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০৭.২০১৫.৩৭ তারিখ : ১৭/০১/২০১৬খ্রিঃ

সূত্র ২ : কাশিঅঃ ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.৯৯১.১৫-৭৮ তারিখঃ ২০/০১/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন কেশবপুর কলেজের ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষাক্রমের সাচিবিক বিভাগ বিষয়ের প্রভাষক জনাব কবিরুল ইসলাম এবং হিসাব বিভাগ বিষয়ের প্রভাষক জনাব রাবিয়া খাতুন এর স্থগিতকৃত এমপিও বেতন মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং ১০১৪০/২০১৪ এর নির্দেশনা মোতাবেক শিক্ষা মন্ত্রণালয়ের বর্ণিত সূত্রে ছাড়করণের নির্দেশনা প্রদান করা হয়।

২। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক মহামান্য হাইকোর্টের আদেশ বাস্তবায়নে কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২নং স্মারকে যশোর জেলার কেশবপুর কলেজের উল্লেখিত শিক্ষকগণের বেতন-ভাতার সরকারি অংশ চালুকরণ করা হয়।

৩। বাদী জনাব কবিরুল ইসলাম এবং জনাব রাবিয়া খাতুন কলেজ কর্তৃপক্ষ কর্তৃক আজও তাঁহাদের এমপিও বেতন-ভাতা প্রদান করার কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই মর্মে মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর আবেদনের প্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে বাদীগণের বেতন ভাতার সরকারি অংশ প্রদানের জন্য অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়। (কপি সংযুক্ত)

৪। মহামান্য হাইকোর্ট গত ১৩/০৪/২০১৬ তারিখে কনটেম্প পিটিশন নং ২৭/২০১৬ (রীট পিটিশন নং ১০১৪০/২০১৪ থেকে উদ্ভূত) এর রুলে আদেশ দেন যে “The aforesaid contemnors to show cause within 7 (Seven) days from the date of the received notices, as to why they will not be punished for willful and deliberate violation of the orders dated 15.12.2014, 08.07.2015 and 16.11.2015 passed in writ petition No. 10140 of 2014 staying all the impugned orders by a Division Bench of the High Court Division and to direct the contemnors to personally appear before this court to explain their position”. মহামান্য হাইকোর্টের আদেশের কপি ১২/০৫/১৬ ইং তারিখে পাওয়া যায়। (কপি সংযুক্ত)

৫। মহামান্য হাইকোর্টের রীট পিটিশন নং-১০১৪০/২০১৪ এর আদেশ মোতাবেক প্রভাষক জনাব কবিরুল ইসলাম এবং প্রভাষক জনাব রাবিয়া খাতুন এর বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক :

কেশবপুর কলেজ
কেশবপুর, যশোর।

(আ.ন.ম সালাহ উদ্দীন খান)
পরিচালক (পিআইইউ)

ও

পরিচালক ভোকেশনাল (রগটিন দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১৬/০৫/১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হল :

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। উপসচিব (এমপিও) শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। ডেপুটি সলিসিটর (রীট) সলিসিটর উইং, রীট শাখা, অ্যাটর্নী জেনারেল অফিস এবং সলিসিটর ভবন, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ, ঢাকা।

০৪। সভাপতি, পরিচালনা পর্ষদ, কেশবপুর কলেজ, কেশবপুর, যশোর।

০৫। সংরক্ষণ নথি।